# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭৯৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ইমাম যখন সালাত আদায় করার জন্য মিম্বার থেকে অবতরণ করবেন, তখন তার জন্য বৈধ রয়েছে কোন মুসল্লীর সাথে কোন প্রয়োজন থাকলে তাতে নিয়োজিত হওয়ার পর সালাত আদায় করবেন

## ذِكْرُ الْإِبَاحَةِ لِلْإِمَامِ إِذَا نَزَلَ الْمِنْبَرَ يُرِيدُ إِقَامَةَ الصَّلَاةِ أَنْ يَشْتَغِلَ بِبَعْضِ رَعِيَّتِهِ فِي حَاجَةٍ يَقْضِيهَا لَهُ ثُمَّ يُقِيمُ الصَّلَاةَ

আরবী

2794 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا هُدْبَةُ بْنُ خَالِدٍ وَشَيْبَانُ قَالَا: حَدَّثَنَا جَرِيرُ بْنُ حَازِمٍ عَنْ ثَابِتٍ: عَنْ أَنَسٍ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم ينزل مِنَ الْمِنْبَرِ فتُقَام الصَّلَاةُ فَيَجِيءُ إِنْسَانٌ فيكلِّمُهُ فِي حَاجَةٍ فَيَقُومُ مَعَهُ حَتَّى يَقْضِيَ حَاجَتَهُ ثم يتقدم فيصلي.

الراوي : عَدِيّ بْن حَاتِمٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2794 | خلاصة حكم المحدث: صحيح لغيره دون ذكر المنبر ـ ((صحيح أبي داود)) (198)، ((ضعيف أبي داود)) (208).

বাংলা

২৭৯৪. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মিম্বার থেকে অবতরণ করতেন, তারপর সালাতের ইকামত দেওয়া হতো, অতঃপর কোন ব্যক্তি আসলে তার প্রয়োজনের বিষয়ে কথা বলতেন, তার প্রয়োজন পূর্ণ না হওয়া পর্যন্ত তার সাথে দাঁড়িয়ে থাকতেন। তারপর তিনি আগ বাড়িয়ে সালাত আদায় করতেন।”[1]

ফুটনোট

[1] আত তায়ালিসী: ২০৪৩; মুসনাদ আহমাদ: ৩/১১৯; আবূ দাঊদ: ১১২০; তিরমিযী: ৫১৭; নাসাঈ: ৩/১১০; ইবনু মাজাহ: ১১১৭; হাকিম: ১/২৯০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে মিম্বারের অংশ বাদে বাকী অংশকে সহীহ লিগাইরিহী বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১৯৮)

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92124

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন